ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৫৫০

**বিলোনীয়া, ২৭ আগস্ট, ২০২৫**

**দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত**

দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির এক সাধারণ সভা গতকাল বিলোনিয়া জিলা পরিষদের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি শম্ভু মানিক, কমিটির সদস্য তপন নাথ, পরেশ দাস ও বকুল দেবী দেবনাথ। এছাড়াও দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সচিব এস. কার্জন হালাম সহ স্বাস্থ্য দপ্তর, শিক্ষা দপ্তর, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

সভায় স্বাস্থ্য দপ্তরের আধিকারিক আয়ুষ্মান ভারত (পিএম-জেএওয়াই) কার্ড বিতরণ, হাসপাতাল ভবন নির্মাণ এবং আশাকর্মী নিয়োগ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি জানান, জেলায় ইতিমধ্যেই ১২টি হেলথ সাব সেন্টার ভবনের নির্মান কাজ সম্পন্ন হয়েছে। জিলা সভাধিপতি জেলার বিভিন্ন হাসপাতালের জন্য পঞ্চদশ অর্থ কমিশনের তহবিল থেকে প্রয়োজনীয় জিনিসপত্র ক্রয়ের পরামর্শ দেন। তিনি আরও বলেন, চিকিৎসক এবং স্বাস্থ্যকর্মীদের স্বাস্থ্য পরিষেবা প্রদানে আরও যত্নবান হতে হবে। পাশাপাশি, আগরতলায় রোগী রেফার কমানোর জন্য জেলা হাসপাতালগুলির উন্নতি সাধনে গুরুত্ব আরোপ করেন। তিনি টিবি রোগ নির্মূল করতে জনসচেতনতা বাড়ানোর পরামর্শ দেন।

শিক্ষা দপ্তরের পক্ষ থেকে জেলার অন্তর্গত বিদ্যালয়গুলিতে নতুন ভবন, অতিরিক্ত শ্রেণিকক্ষ নির্মাণ ও সংস্কারের অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। সভাধিপতি ছাত্রছাত্রীদের লেখাপড়ায় যাতে কোনো ব্যাঘাত না ঘটে সে ব্যাপারে গুরুত্ব আরোপ করেন। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের আধিকারিক সামাজিক ভাতা, অঙ্গনওয়াড়ি কেন্দ্রের পরিকাঠামোর উন্নয়ন, কর্মজীবী মহিলাদের হোস্টেল নির্মাণ প্রভৃতি বিষয়ে তথ্য তুলে ধরেন। এছাড়াও সভায় যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের বিভিন্ন কাজকর্মের অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। সভায় সভাধিপতি দীপক দত্ত চলমান বিভিন্ন উন্নয়নমূলক কাজের উপর নিয়মিত পর্যবেক্ষণ করার উপর জোর দেন এবং সংশ্লিষ্ট আধিকারিকদের নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ করার পরামর্শ দেন।

*****